

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সিডিক সেক্টর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নিবন্ধন
জেলা তৃপ্তি

আদেশ নং : ২৪৭

তারিখ : ৩০, ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ।
২৪, সেপ্টেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ।


দপ্তরাদেশ

সমবায় সমিতিসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে সমবায় অধিদপ্তরের স্মারক নং : ২৩/৯৫জি-II-১২০১/১(৬৩) এ/ও; তারিখ : ২৯/০৮/২০০৭খ্রি: মূলে জারীকৃত আদেশের অনুবৃত্তিক্রমে সমবায় সমিতির নিবন্ধন ও উপ-আইন সংশোধন সম্পর্কিত জেলা সমবায় কর্মকর্তা ও বিভাগীয় যুগ্ম-নিবন্ধকের ক্ষমতা নিম্নবর্ণিতভাবে পুনর্বিন্যাস করা হ'ল :

ক্রমিক নং	কর্মকর্তা	পুনর্বিন্যাসকৃত ক্ষমতা প্রয়োগের ক্ষেত্র	পুনর্বিন্যাসকৃত ক্ষমতা
০১	বিভাগীয় যুগ্মনিবন্ধক	কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন ও উপ-আইন সংশোধন	ক. তাঁর বিভাগের আওতাধীন একটি জেলাব্যাপী কর্মএলাকাবিশিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন এবং উপ-আইন সংশোধন। তবে তাঁর আওতাধীন বিভাগব্যাপী অথবা নিজ বিভাগের একাধিক জেলাব্যাপী কর্মএলাকাবিশিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন এবং উপ-আইন সংশোধনের ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
০২	জেলা সমবায় কর্মকর্তা	প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন ও উপ-আইন সংশোধন	ক. তাঁর জেলার একটি থানা/উপজেলাব্যাপী কর্মএলাকাবিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন এবং উপ-আইন সংশোধন। তবে তাঁর আওতাধীন জেলাব্যাপী অথবা তাঁর জেলার একাধিক থানা/উপজেলাব্যাপী কর্মএলাকাবিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন এবং উপ-আইন সংশোধনের ক্ষেত্রে নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

০২। বিষয়োল্লিখিত স্মারক নং : ২৩/৯৫জি-II-১২০১/১(৬৩) এ/ও; তারিখ : ২৯/০৮/২০০৭খ্রি:আদেশে বর্ণিত জেলা সমবায় কর্মকর্তা ও বিভাগীয় যুগ্ম-নিবন্ধকের অন্যান্য ক্ষমতা অপরিবর্তিত থাকবে।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল, যা অবিলম্বে কার্যকর হবে।



মো: মফিজুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোন : ৯১৪১১৩১।

Email: coop_bangladesh@yahoo.com

OPPO A95

2022.06.22 11:24